গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
সামাজিক বন বিভাগ, বাগেরহাট।

## "খাড়াগাছ/জব্দকৃত/কর্তনকৃত কাঠ বিক্রয় বিজ্ঞপ্তি"

টেন্ডার বিজ্ঞপ্তি নং- ০৬/২০১৭-১৮ তারিখ- ১৮/০১/২০১৮খ্রিঃ।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সামাজিক বন বিভাগ, বাগেরহাট এর আওতাধীন বাগেরহাট, খুলনা ও পিরোজপুর জেলার বিভিন্ন উপজেলায় সংযোগ সড়ক/বাঁধে ২য় আবর্তের বাগান সৃজন/রাস্তা সম্প্রসারণ/খাল খনন/ উন্নয়ন মূলক কাজের নিমিত্তে বিভিন্ন সনে সৃজিত বাগানের খাড়াগাছ/জব্দকৃত/কর্তনকৃত কাঠ এবং অবিক্রিত লট সমূহ বিক্রয়ের লক্ষ্যে প্রকৃত কাঠ ব্যবসায়ি/করাতকল মালিক/ডিপো মালিক/প্রতিষ্ঠান/ঠিকাদার/উপকারভোগী বনায়ন সমিতি/ব্যক্তিবর্গের নিকট হইতে নির্ধারিত ফরমে সীলমোহর যুক্ত টেন্ডার আহ্বান করা যাইতেছে।

### সিডিউল বিক্রয়, দরপত্র দাখিল ও দরপত্র উন্মুক্ত করণের সময়সূচী :

| দরপত্র | উপজেলার নাম | সিডিউল বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র উন্মুক্ত করণের তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১ম বার | বাগেরহাট, খুলনা ও পিরোজপুর জেলার বিভিন্ন উপজেলায়। | ০৫/০২/২০১৮ খ্রিঃ হইতে ০৭/০২/২০১৮ পর্যন্ত। (অফিস চলাকালীন) সকাল- ১০.০ হইতে বিকাল-৫.০টা। | ০৮/০২/২০১৮ সকাল-১০.০টা হইতে দুপুর-১.০টা পর্যন্ত। | ০৮/০২/২০১৮খ্রিঃ বিকাল-৩.০০টা। |
| ২য় বার | বাগেরহাট, খুলনা ও পিরোজপুর জেলার বিভিন্ন উপজেলায়। | ২২/০২/২০১৮খ্রি হইতে ২৬/০২/২০১৮ পর্যন্ত। (অফিস চলাকালীন) সকাল-১০.০ হইতে বিকাল-৫.০টা। | ২৭/০২/২০১৮ সকাল-১০.০টা হইতে দুপুর-১.০টা পর্যন্ত। | ২৭/০২/২০১৮খ্রিঃ বিকাল-৩.০০টা। |
| ৩য় বার | বাগেরহাট, খুলনা ও পিরোজপুর জেলার বিভিন্ন উপজেলায়। | ১৮/০৩/২০১৮খ্রি হইতে ২০/০৩/২০১৮ পর্যন্ত। (অফিস চলাকালীন) সকাল-১০.০ হইতে বিকাল-৫.০টা। | ২১/০৩/২০১৮ সকাল-১০.০টা হইতে দুপুর-১.০টা পর্যন্ত। | ২১/০৩/২০১৮খ্রিঃ বিকাল-৩.০০টা। |

১। প্রতিটি সিডিউলের বিক্রয় মূল্য ঃ ৪০০.০০ (চারশত) টাকা (অফেরৎযোগ্য)।

২। সিডিউল প্রাপ্তির স্থান ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, ষাটগম্বুজ/পিরোজপুর/খুলনা/ফুলতলা এসএফএনটিসি।

৩। টেন্ডার দাখিলের স্থান ঃ নিম্নস্বাক্ষরকারীর দপ্তর, জেলা প্রশাসক, পিরোজপুর ও খুলনা এর দপ্তর।

৪। দরপত্র বাছাই কমিটির সদস্য এবং টেন্ডারদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

৫। দরপত্রের অন্যান্য শর্তাবলী সিডিউল বিক্রয়ের শেষ দিন পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তর ষাটগম্বুজ/খুলনা/ফুলতলা/পিরোজপুর এসএফএনটিসি সমূহে অফিস চলাকালীন সময়ে জানা যাইবে।

৬। প্রত্যেকটি লটের বিপরীতে পৃথক দরপত্র সিডিউল ক্রয় ও পেমেন্ট অর্ডার সহ দাখিল করিতে হইবে।

৭। দরপত্র দাতাকে লটের উদ্বৃত মূল্যের ৩০% জামানত হিসাবে যে কোন তফশীলি ব্যাংক হইতে পৃথক পৃথক লট মোতাবেক পেমেন্ট অর্ডার সংগ্রহ করিয়া দরপত্রের সহিত জমা দিতে হইবে।

### কাঠ বিক্রয়ের শর্তাবলী

১। দরপত্রদাতাগণকে অবশ্যই নির্ধারিত সিডিউল বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বাগেরহাট এর বরাবরে সিলমোহরযুক্ত খামে দরপত্র বাক্সে দাখিল করিতে হইবে। খামের বামপার্শ্বে দরপত্রদাতার পূর্ণ নাম ও ঠিকানা এবং মোবাইল নম্বর ও খামের ডান পার্শ্বে লট নং লিখিতে হইবে। দরপত্র সিডিউলে লটের ক্রয়মূল্য অংকে ও কথায় পৃথকভাবে এবং লট নম্বর স্পষ্টাক্ষরে লিপিবদ্ধ করিতে হইবে। অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইবে না।

২। দরপত্রদাতাগণকে দরপত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে।

(ক) সিডিউল ক্রয়ের মূল রশিদ।

(খ) দরপত্রদাতা কর্তৃক উদ্বৃত মূল্যের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) হিসাবে প্রতিটি লটের জন্য পৃথক পৃথক জামানত বিভাগীয় বন কর্মকর্তা,সামাজিক বন বিভাগ,বাগেরহাট এর অনুকূলে যে কোন তফশীলি ব্যাংকে জমা পূর্বক পে-অর্ডার এর মূল কপি দরপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

(গ) সিটিকর্পোরেশন/পৌরসভা/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

(ঘ) হালনাগাদ ডিপো লাইসেন্স।

৩। বায়নার টাকা কোন প্রকারেই নগদ অর্থে বা চেকের মাধ্যমে গ্রহণযোগ্য হইবে না। অকৃতকার্য দরদাতার বায়নার টাকা লিখিত আবেদনের ভিত্তিতে অবমুক্ত করা হইবে।

৪। একটি লট একাধিক দরদাতার নিকট বিক্রয় করা হইবে না। তবে একটি লটের জন্য একাধিক দরদাতা কর্তৃক একই মূল্য উদ্বৃত করা হইলে দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক লটারীর মাধ্যমে উক্ত লটের একক দরদাতা নির্ধারণ করা হইবে।

৫। দরদাতা ইচ্ছা করিলে একাধিক লট ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন। তবে যাহার নিকট হইতে লট ভিত্তিক সর্বোচ্চ দাম পাওয়া যাইবে তাহার দরপত্র বিবেচনা করা হইবে।

৬। দরপত্রদাতাগণ দরপত্র দাখিলের পূর্বে লট সমূহ সরেজমিনে পুঙ্খানুপুঙ্খভাবে দেখিয়া দরপত্র দাখিল করিবেন। দরপত্র দাখিলের পর কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৭। যাহাদের নামে বন বিভাগের সার্টিফিকেট মামলা কিংবা যাহারা ইতোপূর্বে লট ক্রয়ের সর্বোচ্চ দরদাতা হইয়া এখন ও লটের মূল্য পরিশোধ ও কার্যাদেশ গ্রহণ করেন নাই তাহাদের দরপত্র অগ্রাহ্য হইবে ও লট ক্রয় করিতে পারিবেন না।

৮। দরপত্রদাতাগণকে তাহাদের দরপত্র গ্রহণের ১৫(পনের) দিনের মধ্যে লটের সমুদয় টাকা জমা দিয়া চুক্তিনামা সম্পাদন ও কার্যাদেশ গ্রহণ করিতে হইবে। নিদ্ধারিত সময়ের মধ্যে লটের মূল্য সহ আয়কর, ভ্যাট (ক্রয়মূল্যে ৫% আয়কর ৪% ভ্যাট এবং সরকারি সর্বশেষ সিদ্ধান্ত মোতাবেক) পরিশোধ ও চুক্তিনামা সম্পাদনে ব্যর্থ হইলে তাহার দরপত্র বাতিল করা হইবে এবং তাহার উদ্বৃত দরের ৩০ শতাংশ টাকা বায়নার টাকা হইতে আদায় পূর্বক সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হইবে।

৯। সফল দরপত্রদাতাকে কাঠ অপসারণের কার্যাদেশ প্রদানের ১৫ দিনের মধ্যে সমুদয় কাঠ অপসারণ করিতে হইবে।সফল দরপত্রদাতাকে সতর্কতার সাথে কাঠ অপসারণ করিতে হইবে। অসতর্কতা বশতঃ কাঠ অপসারণের সময় ক্রয়কৃত লট ব্যতীত অন্য লট এর গাছ অপসারণ করা যাইবে না অথবা ক্রয়কৃত লটের গাছ অপসারণ কালে অন্য কোন গাছ,ঘরবাড়ি,রাস্তাঘাট বা জানমালের ক্ষতিগ্রস্থ/বিনষ্ট করা যাইবে না। অসাবধানতা বশত: এরূপ ক্ষতি সাধন হইলে দরপত্রদাতা কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত জরিমানা প্রদানে ও আইনানুগ সাজা ভোগে বাধ্য থাকিবে।

১০। বনজদ্রব্য অপসারণের সময় ক্রয়কৃত বনজদ্রব্যের চলাচল পাশ ব্যতিত কোন লট ক্রেতা বনজ দ্রব্য অপসারণ করিতে পারিবেনা। ক্রয়কৃত বনজ দ্রব্য পরিবহনের জন্য লট ক্রেতাকে চলাচল পাশ গ্রহণ করিতে হইবে এবং বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রন) বিধিমালা-২০১১ মানিয়া চলিতে হইবে।